দৈনিক সংবাদ

তারিখ ...06 SEP. 1989...
পৃষ্ঠা... ১ ...কলাম... ৮

~~৪৪~~ 27

# চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়ের বিভিন্ন হল থেকে অস্ত্র উদ্ধারের দাবী

(নিজস্ব বার্তা পরিবেশক)

চট্টগ্রাম, ৫ই সেপ্টেম্বর।—চট্টগ্রাম ৮ ও ৫ দল চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়ের বিভিন্ন হল থেকে অস্ত্র উদ্ধার ও অস্ত্রধারীদের গ্রেফ-

(শেষ পৃঃ ৬-এর কঃ দেখুন)

## চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়

(১ম পাতার পর)

তারের দাবী জানিয়েছে।

আজ দুপুরে বিশ্ববিদ্যালয় উপাচার্যের সঙ্গে চট্টগ্রাম ৮ ও ৫ দলের নেতৃবৃন্দের এক বৈঠকে বিশ্ববিদ্যালয়ে শিক্ষার স্বাভাবিক পরিস্থিতি ফিরিয়ে আনার দাবী জানানো হয়। বৈঠকে বক্তব্য রাখেন কাজী শাজাহান, আতাউর রহমান কায়সার, মহিউদ্দিন চৌধুরী প্রমুখ। বৈঠকে জামাত-শিবির চক্রের সন্ত্রাসী তৎপরতা অবিলম্বে বন্ধের দাবী জানানো হয়।